
তত্ত্বাবধায়ক এর

# রক্ষণাবেক্ষণ নির্দেশিকা

## ৬নং হ্যান্ডপাম্প




সংসারের সকল কাজে নলকূপের পানি ব্যবহার করুন

**জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর**

বিশেষ গ্রামীণ পানি সরবরাহ প্রকল্প এর আওতায় প্রণীত

# ৬নং পাম্পটি আপনি যেভাবে খুলতে ও

## পাম্পের অংশসমূহ


১। এম,এস, পিন (নাকের পিন)।


২। এম,এস, পিন (ঘাড়ের পিন)।


৩। হাতল।


৪। হেড কভার এর নাটবোল্ট (৪টি)।


৫। হেড কভার।


৬। প্লাঞ্জারের বড়।


৭। প্লাঞ্জার।


৯। সিটভাল্ভ ওয়েট সহ।


১০। বেইজপ্লেট নাটবোল্ট (৪টি)।


১১। বেইজপ্লেট।


৮। ব্যারেল।

## প্লাঞ্জারের অংশসমূহ


১। প্লাঞ্জারের উপরের অংশ।


২। পপেট ভাল্ব।


৩। বাকেট।


৪। প্লাঞ্জারের নীচের অংশ।

## সিটভাল্ভ এ্যাসেম্বলীর অংশসমূহ


১। সিটভাল্ভ ওয়েট।



২। সিটভাল্ব।


৩। জিআই স্ত্রু ও নাট।

## মেরামত কাজে প্রয়োজনীয় যন্ত্রপাতি সমূহ


পাইপ রেঞ্চ।



স্লাইরেঞ্জ।


স্ক্রু-ড্রাইভার।

## নষ্ট যন্ত্রাংশগুলি যেভাবে চিনবেন


ভাল সিটভাল্ভ খারাপ সিটভাল্ভ



ভাল পপেট ভাল্ভ খারাপ পপেট ভাল্ভ



ভাল বাকেট খারাপ বাকেট

## যেভাবে


১। পাম্পে যদি পানি কম আসে তা হলে বুঝতে হবে প্লাঞ্জারের কোন সমস্যা হয়েছে।


৪। এবার স্লাইরেঞ্জ ও স্ক্রু-ড্রাইভারের সাহায্যে প্লাঞ্জারের নীচের অংশ ঢিলা করে নিন।


৭। যদি পপেট ভাল্ভ নষ্ট হয়ে যায় তা হলে প্লাঞ্জারের নীচের অংশের সাথে এভাবে নতুন পপেট ভাল্ভটি সংযোগ করে নিন।



১০। প্লাঞ্জারসহ হেড কভারটি এভাবে ব্যারেলের ভিতর ঢুকিয়ে ফেলুন।

# মেরামত করে সচল করতে পারবেন


## প্লাঞ্জার মেরামত করবেন।




২। প্লাঞ্জার মেরামতের জন্য পাইপ ও স্লাইরেঞ্জ দিয়ে হেড কভারের নাটবোল্ট খুলে ফেলুন।




৩। প্লাঞ্জারসহ হেড কভার ব্যারেল থেকে আলাদা করে ফেলুন।




৫। প্লাঞ্জার এর নীচের অংশ উপরের অংশ থেকে প্যাঁচ খুলে আলাদা করে ফেলুন।




৬। লক্ষ্য করুন বাকেট ও পপেট ভাল্ভ এর মধ্যে কোনটি খারাপ হয়েছে কিনা।




৮। যদি বাকেট নষ্ট হয়ে যায় তাহলে প্লাঞ্জারের নীচের অংশের সাথে এভাবে নতুন বাকেটটি সংযোগ করে নিন।



৯। এরপর প্লাঞ্জারের নীচের অংশের সাথে প্লাঞ্জারের উপরের অংশ এভাবে প্যাঁচ দিয়ে সংযোগ করে নিন।



১১। হেড কভারের নাটবোল্ট শক্ত করে লাগিয়ে দিন।



১২। এবার দেখুন আপনার পাম্পে পর্যাপ্ত পরিমান পানি আসছে।

## যেভাবে সিটভাল্‌ভ এ্যাসেম্বলী মেরামত করবেন।



১। পাম্পের ব্যারেলে যদি পানি না থাকে তাহলে বুঝতে হবে সিটভাল্‌ভ এ্যাসেম্বলীতে কোন সমস্যা হয়েছে।



২। সিটভাল্‌ভ মেরামতের জন্য পাইপ ও স্লাইরেঞ্জ দিয়ে বেইজপ্লেটের নাটবোল্ট খুলে ফেলুন।



৩। বেইজপ্লেট থেকে ব্যারেলটি আলাদা করে ফেলুন।




৪। এবার বেইজপ্লেট থেকে সিটভাল্‌ভটি আলাদা করে নিন।



৫। স্ক্রু-ড্রাইভার দিয়ে জিআই স্ক্রু খুলে সিটভাল্‌ভ ও ওয়েট আলাদা করে ফেলুন।



৬। লক্ষ্য করুন সিটভাল্‌ভটি নষ্ট হয়ে গেছে।




৭। নতুন সিটভাল্‌ভ পানিতে ভিজিয়ে ওয়েটের সাথে এভাবে সংযোগ করে নিন।



৮। এবার বেইজপ্লেটের উপর সিটভাল্‌ভটি এভাবে বসিয়ে দিন।




৯। এবার বেইজপ্লেটের উপর ব্যারেলটি বসিয়ে নাটও বোল্ট শক্ত করে এঁটে দিন।



১০। এবার এভাবে পরিষ্কার পানি দিয়ে প্রাইমিং করুন।




১১। যদি নাটবোল্ট শক্ত করে না আটকানো হয় তাহলে এভাবে পানি পড়ে যাবে।



১২। এবার দেখুন আপনার ৬নং পাম্পটি ঠিক মতো কাজ করছে।

# নলকূপে পানি না আসলে প্রাইমিং এর জন্য পরিস্কার পানি ব্যবহার করুন

## ৬নং গভীর ও অগভীর, নলকূপ ও হ্যান্ডপাম্প স্থাপনের বিভিন্ন অংশের নাম




- রান্না ও খাওয়ার কাজে আর্সেনিক ও জীবাণুমুক্ত পানি ব্যবহার করুন।
- সঠিক ভাবে নলকূপ মেরামত ও রক্ষণাবেক্ষণ করুন।
- নলকূপের চারপাশের পরিবেশ পরিচ্ছন্ন রাখুন।

**শহীদ ইকবাল**
**প্রকল্প পরিচালক**